ঝিনাইদহে ট্রাক্টর চাপায় কৃষক নিহত

ঝিনাইদহ সদর উপজেলার নলডাঙ্গা ইউনিয়নের আড়ুমুখী গ্রামের মাটি টানা ট্রাক্টরের চাপায় মহিদুল বিশ্বাস (৫৫) নামের এক কৃষক নিহত হয়েছে।
শনিবার সকালে আড়মুখী স্কুলপাড়ায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মহিদুল বিশ্বাস সদর উপজেলার আড়মুখী গ্রামের হুরমত বিশ্বাসের ছেলে। ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সকালে বাড়ি থেকে গ্রামের মাঠে যাচ্ছিল মহিদুল বিশ্বাস। পথে ঘটনাস্থলে পৌঁছালে মাঠ থেকে মাটিবোঝায় নিয়ে ট্রাক্টর রাস্তায় ওঠার সময় মহিদুল বিশ্বাসকে চাপায় দেয়। এতে সে ঘটনাস্থলেই নিহত হয়। এ ঘটনায় সদর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

মেহেরপুরে ওয়াল্টন ডে উদযাপন

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হয়েছে ওয়াল্টন ডে। প্রায় দুই যুগ আগে আজকের এইদিনে বাংলাদেশি টেক-জায়ান্ট ওয়াল্টনের পথ চলা শুরু হয়। এ উপলক্ষে মেহেরপুর ব্রাঞ্চ এর উদ্যোগে শনিবার সকালে গণসচেতনতামূলক র্যালী, মাস্ক বিতরণ, কেককাটা ও বিভিন্ন কর্মসূচী পালন করা হয়।

মেহেরপুর বাসস্ট্যান্ড এলাকায় অবস্থিত ওয়ালটন প্লাজা থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি মেহেরপুর সড়ক প্রদক্ষিন করে পুনরায় ওয়াল্টন প্লাজায় এসে শেষ হয়। পরে সেখানে কেককাটা ও মিষ্টি বিতরণ করা হয়।

এসম উপস্থিত ছিলেন ওয়াল্টন মেহেরপুর ব্রাঞ্চ এর ডেপুটি ম্যানেজার দেওয়ান শাহ আলম, সহকারি ব্যবস্থাপক আতাহার হোসেন তালুকদার সহ সকল বিক্রয় প্রতিনিধিরা।

ভারতের সাথে সেতুবন্ধন হিসেবে কাজ করবে ‘স্বাধীনতা সড়ক’- এলজিআরডি মন্ত্রী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, মেহেরপুরের মুজিবনগর থেকে ভারতের নদীয়া হয়ে কলকাতা পর্যন্ত ‘স্বাধীনতা সড়কটি’ ভারতের সাথে বাংলাদেশের সেতুবন্ধন হিসেবে কাজ করবে। যে সড়ক ধরে ১৯৭১ সালের ১৭ এপ্রিল জাতীয় চার নেতা মুজিবনগরে এসে শপথ নিয়েছিলেন। জাতীয় চার নেতার সাথে এই সড়ক ধরে এসেছিলেন অসংখ্য বিদেশি সংবাদকর্মী ও মুক্তিযোদ্ধা। বাঙালি জাতির কাছে এ সড়কটির গুরুত্ব অপরিসিম।

আজ শনিবার (২০ মার্চ) সকাল ১১টার দিকে মেহেরপুরের মুজিবনগরে সদ্য নির্মিত স্বাধীনতা সড়ক পরিদর্শন শেষে এসব কথা বলেন তিনি।

তিনি বলেন, ভারতের সাথে চুক্তি অনুযায়ী বাংলাদেশের অংশের ৫০০ মিটার রাস্তার কাজ আমরা শেষ করেছি। ভারতের অংশের কাজ ভারত সরকার শেষ করবে। কবে নাগাদ উদ্বোধন হবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী আগামী ২৬ মার্চ বাংলাদেশে আসবেন। ২৬/২৭ মার্চ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বাধীনতা সড়কের উদ্বোধন করবেন।

স্বাধীনতা সড়ক পরিদর্শনে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন। এর আগে সকাল সাড়ে দশটার দিকে ঢাকা থেকে হেলিকপ্টার যোগে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মুজিবনগরে এসে পৌঁছান। পরে মুজিবনগর স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ শেষে স্বাধীনতা সড়ক পরিদর্শন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, এলজিইডির নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামান প্রমুখ।

উল্লেখ্য, মুজিবনগর থেকে কলকাতা পর্যন্ত ‘স্বাধীনতা সড়ক’ নির্মাণ করছে স্থানীয় সরকার মন্ত্রণালয়। এক কোটি চার লাখ টাকা ব্যয়ে বাংলাদেশের অংশের ৫০০ মিটার রাস্তার কাজ শেষ হয়েছে।

টিকা নিয়েও করোনা আক্রান্ত মেহেরপুরের এসপি

প্রথম ডোজ টিকা নেওয়ার ১মাস ৩দিন পর করোনা আক্রান্ত হলেন মেহেরপুরের পুলিশ সুপার (এসপি) এস এম মুরাদ আলী (৫১) ।

আজ শনিবার দুপুরে মেহেরপুর বক্ষ ব্যাধি ক্লিনিক (সিডিসি) থেকে প্রাপ্ত জিন এক্সপার্ট মেশিনের রিপোর্টে এ তথ্য জানা গেছে। সিডিসি থেকে ২টি ফলাফল পাওয়া যায়। তার মধ্যে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর করোনা পজিটিভ রিপোর্ট আসে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা। নাসির উদ্দিন জানান, পুলিশ সুপার মহোদয় কোভিড ১৯ ভ্যাকসিনের ১ম ডোজ নিয়েছেন। তারপরও তিনি আজ করোনা পজিটিভ হলেন।
উল্লেখ্য, গত ১৭ ফেব্রুয়ারি তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে কোভিড ভ্যাকসিন কেন্দ্রে গিয়ে টিকার ১ম ডোজ গ্রহণ করেছিলেন।

দামুড়হুদা গ্যারেজে টলি মেরামত করতে গিয়ে চালক নিহত

দামুড়হুদা উপজেলা সদরে গ্যারেজে টলি মেরামত করতে গিয়ে চালক নিহত মটর গ্যারেজে ট্রাক্টরের টলি মেরামত করতে গিয়ে টলি চাপা পড়ে চালক হুসাইন (২৬) নামের একজন নিহত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টার দিকে উপজেলা সদরের বাসস্ট্যান্ড এলাকার মাসুদ মটর গ্যারেজে এই

দুর্ঘটনাটি ঘটে। নিহত ট্রাক্টর চালক উপজেলার হাউলি ইউনিয়ন কাদিপুর গ্রামের মৃত.মহব্বত আলীর ছেলে।দুর্ঘটনা টি ঘটার পর পর দামুড়হুদা মডেল থানার এস আই আমজাদ হোসেন ঘটনা স্থান পরিদর্শন করেন। স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান,ট্রাক্টর চালক হুসাইন তার ট্রাক্টরের টলির সমস্যা নিয়ে মাসুদ মটরে নিয়ে আসেন।সকাল ১০ টার দিকে হুসাইন তার ট্রাক্টরের টলিতে হাইড্রলিক্স জক লাগানোর জন্য কাঠ দিয়ে টলির নিচে বসে মেরামত কাজ করছিলেন। সেসময় হঠাৎ হাইড্রলিক্স জকটির স্প্রিং কেটে যেয়ে কাঠটি ভেঙ্গে পড়েন। এসময় ট্রাক্টরের নিচে থাকা চালক হুসাইন টলিটির নিচে পড়ে ঘটনাস্থলেই ট্রাক্ট চালক হুসাইন নিহত হন। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেন

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর ভোট গ্রহণ চলছে

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর নির্বাচন শুরু হয়েছে। শনিবার সকাল ৯ টা থেকে ভোটদান পর্ব শুরু হয়েছে, চলবে বিরতিহীন ৪টা পর্যন্ত। ৩২০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

নির্বাচনে ১০ টি পদের জন্য ১৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন, এর মধ্যে সহ-সভাপতি পদে নুরুল আহমেদ ও ফৌজিয়া আফরোজ তুলি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর নির্বাচনে সাধারণ সম্পাদক পদে সাইদুর রহমান ও নিশান সাবের, সহ-সম্পাদক পদে আলি রেজা বিছু, মহিত আলি, আব্দুল্লাহ আল মামুন রাসেল এবং নির্বাহী সদস্য পদে আবুল হাসনাত দিপু, মৌসুমী ঢালী, জাহিদ হাসান রাজিব, সুলতানা রাজিয়া টনি, মিনারুল ইসলাম এবং রিন্টু রহমান প্রতিদ্বন্দ্বিতা করছেন।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর নির্বাচনকে ঘিরে ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম সেখানে উপস্থিত থেকে নির্বাচনের সার্বিক বিষয়টি নজরদারি করছেন।

নির্বাচন পরিচালনাকারী দায়িত্বে নিয়োজিত নির্বাচন কমিশনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন দাশগুপ্ত, উপজেলা

চুয়াডাঙ্গায় জিহাদি বইসহ আটক - ১ জন

চুয়াডাঙ্গায় সরকারের বিরুদ্ধে লেখা বিতর্কিত জিহাদি বই সহ একজনকে আটক করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।
১৯ মার্চ শুক্রবার রাত ০১.১০ ঘটিকার সময় চুয়াডাঙ্গা পৌরসভাধীন কলেজ রোডস্থ কবরী রোডের দক্ষিণ পার্শ্বে বাংলাদেশ জামায়াতে ইসলামী বাংলাদেশ ও ইসলামী ছাত্রশিবিরের নেতা কর্মীরা
জনগনের এবং যান চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া রাষ্ট্রের অনিষ্ট সাধন ও অর্ন্তঘাত মূলক কর্মকান্ড করাকালীন আসামী মশরীফ হাসান(৪৩), পিতা- মৃত আজিজুর রহমান, সাং- গুলসানপাড়া, থানা ও জেলা- চুয়াডাঙ্গা কে সরকারের বিরুদ্ধে জামায়াতে ইসলামী বাংলাদেশের আমির ডাঃ শফিকুর রহমানের লেখা বিতর্কিত বই এবং বিভিন্ন জিহাদি মতাদর্শের বই সহ হাতে নাতে গ্রেফতার করা হয় । আটককৃত আসামির স্বীকারোক্তি অনুযায়ী অভিযান চালিয়ে পলাতক এ্যাডঃ রুহুল আমিন এর বাসা তল্লাশি করে একই ধরনের বই উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ডাঃ শফিকুর রহমানের লেখা বিতর্কিত “মহান স্বাধীনতার ৫০ বর্ষপূর্তি উদযাপন দেশবাসীর উদ্দেশ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ডাঃ শফিকুর রহমানের বক্তব্য” শিরোনামে প্রকাশিত বই তে বঙ্গবন্ধু কে হেয় করা সহ মহান স্বাধীনতার ইতিহাস কে খন্ডিত আকারে বিকৃতভাবে উপস্থাপন করা হয়েছে এবং জনশৃংখলা ভেঙ্গে ফেলার দৃশ্যমান ষড়যন্ত্রে লিপ্ত থাকার সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে আসামি কে আটক করা হয়। আটককৃত আসামি পৌরসভাধীন গুলশান পাড়ার শরীফ সহ পলাতক আসামি এ্যাডঃ রুহুল আমিন, এ্যাডঃ মাসুদ পারভেজ রাসেল সহ অজ্ঞাতনামা ১০/১৫ জনের বিরুদ্ধে অন্তর্ঘাতমূলক কার্যকলাপ ও অপতৎপরতায় জড়িত থাকার অভিযোগে এসআই জাহাঙ্গীর আলম বাদি হয়ে বিশেষ ক্ষমতা আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করেছেন।

জীবননগরে অবৈধভাবে ভারতে যাওয়ার সময় ৬ বাংলাদেশী আটক

জীবননগর উপজেলার সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে যাওয়ার সময় ৬ বাংলাদেশীকে আটক করেছে ঝিনাইদহ মহেশপুর ৫৮-বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।
গত বৃহস্পতিবার দিবাগত মধ্যরাতে জীবননগর উপজেলার ধোপাখালী সীমান্ত থেকে তাদেরকে আটক করা হয়। আটককৃতরা হলেন নড়াইল জেলার কালিয়া উপজেলার নব-গ্রামের নজরুল মোল্লার ছেলে জিনায়েদ মোল্লা(২২)একই উপজেলার পারবিষপুর গ্রামের সেলিম মোল্লার মেয়ে মোছাঃ মিম বেগম(১৯)জাফর মোল্লার মেয়ে মোছাঃপাপিয়া বেগম(২৭),খুলনার রুপসা উপজেলার তালতলা গ্রামের দুর্লভ ভদ্রের ছেলে বিশ্বজিৎ ভদ্র(৩৫)বিশ্বজিৎ ভদ্রের স্ত্রী শিমু ভদ্র (২৫)এবং তার সন্তান স্মৃতি ভদ্র(৫)।বিজিবি সুত্রে জানা গেছে,মহেশপুর -৫৮ ব্যাটালিয়নের অধীন মাধবখালী বিওপির সদস্যরা গোপন সংবাদের ভিত্তিত্বে বৃহসপ্রতিবার রাতে ধোপাখালী সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে সীমান্তের ৬৯ নম্বও আন্তর্জাতিক মেইন সীমানা পিলারের ৬নম্বও সাব পিলার থেকে আনুমানিক ১০০গজ বাংলাদেশের অভ্যন্তর থেকে শিশুসহ ৬ জনকে আটক করা হয়। তারা সবাই অবৈধভাবে সীমান্ত পেরিয়ে ভারতে যাচ্ছিলেন । অবৈধভাবে সীমান্ত পেরিয়ে ভারতে যাওয়ার চেষ্ঠা করার অপরাধে বাংলাদেশ পাসপোর্ট অধ্যাদেশ ১৯৭৩এর ১১(১)(গ) ধারায় ঝিনাইদহের মহেশপুর থানায় মামলা দায়েরসহ আটককৃতদের থানায় সোপর্দ করা হয়েছে।মহেশপুর৫৮- বিজিবির অধিনায়ক লে.কর্ণেল কামরুল আহসানের পক্ষে সংবাদ বিঙ্গপ্তির মাধ্যমে সাংবাদিকদেরকে বিষয়টি নিশ্চিত করেছেন সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম খান।

জীবননগরে বৃদ্ধকে কুপিয়ে

রক্তাত্ব জখম

জীবননগরে নারী ঘটিত বিষয়কে কেন্দ্র করে বৃদ্ধকে কুপিয়ে রক্তাত্ব জখম করার অভিযোগ উঠেছে।গতকাল শুক্রবার সকাল ৯টার সময় জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সিংনগর গ্রামে এ ঘটনা ঘটে ।আহত ফজলুর রহমান (৬০)সিংনগর গ্রামের মৃত নুরু মন্ডলের ছেলে ।স্থানীয় সুত্রে জানা গেছে, ফজলুর রহমান বাড়ির পার্শ্ববর্তী এক বিবাহিত মহিলার (তিন সন্তানের জননীর) সাথে অবৈধ শারীরিক সম্পর্ক গড়ে তোলে।এ ঘটনাটি জানাজানি হওয়ার পর ওই গ্রামের কয়েকজন লোক গোপনে বৃহসপ্রতিবার রাতে ওই মহিলার বাড়ি পাহারা দেয়।এক পর্যায়ে রাত ১০টার দিকে ফজলু ওই মহিলার বাড়িতে গেলে লোকজন তাকে ধরে মারপিট করে।এ ঘটনার জের ধরে শুক্রবার সকালে ফজলু,তার ছেলে বাবু,রমজান ও আব্দুল্লাহ ওই গ্রামের বশির উদ্দিনকে বেধড়ক মারপিট করে ।কিছুক্ষণ পর বশির উদ্দিন বাড়ি থেকে হাসুয়া এনে ফজলুর মাথায় আঘাত করে । এতে ফজলু গুরুত্বও আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে যশোর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে।সংশ্লিষ্ঠ ওর্য়াডের ইউপি সদস্য আমিনুল ইসলাম বলেন,নারী কেলংকারী ঘটনার জের ধরে হাসুয়ার কোপে ফজলু গুরুত্বর আহত হয়েছে।জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম বলেন সিংনগরে যে ঘটনা ঘটেছে এ ঘটনায় এখনও পর্যন্ত কোনো পক্ষই থানাতে কোন অভিযোগ দেয়নি ।তবে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগরে ইউএনওর উপর হামলার ঘটনায় আরো ৫জন আটক

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার(ইউএনওর)উপর হামলার ঘটনায় আবারও নতুন করে ৫জনসহ মোট ৯জনকে আটক করেছে পুলিশ।
গত বৃহসপ্রতিবার গভীর রাতে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানা পুলিশের একটি টিম জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের কাটাপোল গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।আটককৃতরা হলেন কাটাপোল গ্রামের আলিম মন্ডলের

ছেলে ইভন (২২)মৃত আজিজুল মন্ডলের ছেলে রেজাউলি ইসলাম(৬০)মকবুল হোসেনের ছেলে রবিউল হোসেন (৪০),পাকা গ্রামের সুশীল চন্দ্রের ছেলে সুভাষ(৩০)এবং পুরন্দপুর গ্রামের মৃত জেহের আলী মন্ডলের ছেলে লাল্টু(৪০) ।জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম বলেন,গত মঙ্গলবার দুপুরে কোটাপোল গ্রামে ট্রাক্টরের ধাক্কায় বাইসাইকেল চালক অহিদুল বিশ্বাস নিহতের ঘটনায় তার পরিবারের পক্ষ থেকে রাতে মামলা হয়।এই মামলার পরিপেক্ষিতে তাদের আটক করা হয়। এবং বাকি আসামিদের ও ধরতে পুলিশের অভিযান অভ্যাহত রয়েছে।##